# সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর
## একাদশ শ্রেণির অর্ধ বার্ষিক পরীক্ষা ২০২১
বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র কোড ঃ ২৫৩

## সৃজনশীল প্রশ্নপত্র

(বি.দ্র. যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও) ১০×৭ = ৭০

১. ২০১৯ সালে জনাব টি হোসেন নগদ ৫০,০০০ টাকা, ৩০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র ও ২০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ১ জানুয়ারি তারিখে ব্যবসা শুরু করলেন। উক্ত মাসে তাঁর ব্যবসায়ের লেনদেনসমূহ ঃ

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ৫ | মাসে ৫,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ করলেন |
| ,, | ৯ | ১০,০০০ টাকা জনতা ব্যাংক লিমিটেড এ জমা দিয়ে একটি হিসাব খোলেন |
| ,, | ১৫ | সাকিলের নিকট থেকে পণ্য ক্রয় নগদ ১৫,০০০ টাকার ও ধারে ২০,০০০ টাকার |
| ,, | ২০ | রশিদের নিকট ২০,০০০ টাকা মূল্যের ১টি যন্ত্রের বিনিময়ে ও ২৫,০০০ টাকার পণ্য বাকীতে বিক্রয় |
| ,, | ২৫ | সোনালী ব্যাংক লিমিটেড এর নিকট ৫০,০০০ ঋণের জন্য দরখাস্ত করলেন |
| ,, | ২৮ | কারবারের তহবিল থেকে মালিকের ছেলের স্কুলের বেতন দেওয়া হল |
| ,, | ৩০ | ব্যবসার জন্য বিজ্ঞাপন প্রচারের জন্য চৈতি লিমিটেডকে ১০, ০০০ টাকার ১টি চেক প্রদান |

**করণীয়ঃ** ক. টাকার অংক উল্লেখপূর্বক লেনদেন নয় এরূপ ঘটনার মোট পরিমাণ নিরূপন কর। ২

খ. কারণ উল্লেখ করে উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো হিসাব সমীকরণে কী প্রভাব ফেলবে তা ছকের সাহায্যে দেখাও। ৪

২. জনাব মাহমুদ ২০২০ সালের ১ জুলাই তারিখে নগদ ১,০০,০০০ টাকা, ৫০,০০০ টাকার ব্যাংক ঋণও ৮০,০০০ টাকা মূল্যের ১টি মেশিন নিযে কণা ট্রেডার্স নামে একটি ব্যবসা আরম্ভ করলেন। এ মাসে তাঁর ব্যবসায়ের লেনদেনগুলো ঃ

| | | |
|---|---|---|
| জুলাই | ৫ | তিন মাসের জন্য ১টি ফ্লাটের ভাড়া অগ্রিম পরিশোধ করা হলো ৪৮,০০০ টাকা, যার অর্ধাংশে মালিক বসবাস করবেন ও অর্ধাংশে ব্যবসা পরিচালনা করবেন বলে স্থির করলেন |
| ,, | ১০ | বাকীতে পণ্য ক্রয় ১,৫০ ০০০ টাকা |
| ,, | ১৫ | নগদে পণ্য বিক্রয় ১,৭৫,০০০ টাকা |
| ,, | ২০ | খালেদের নিকট প্রাপ্য নোটের বিনিময়ে ৭০,০০০ টাকার ও ধারে ১,৩০,০০০ টাকার পণ্য বিক্রয় |
| ,, | ২৫ | দেনাদারদের নিকট প্রাপ্য ২,০০,০০০ টাকার নিষ্পত্তিতে নগদ ১,৯৫,০০০ টাকা পাওয়া গেল |
| ,, | ২৮ | পাওনাদারদের ১,৮০,০০০ টাকা পাওনার পূর্ণনিস্পত্তিতে ১,৭৫,০০০ টাকা পরিশোধ করা হলো |
| ,, | ৩১ | ১ মাসের ভাড়ার মেযাদ উত্তীর্ণ হল |

**করণীয়:** ক. মাস শেষে ভাড়া খরচের পরিমাণ নিরূপন কর। ২

খ. নগদান ও বিক্রয় খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. মাস শেষে জনাব মাহমুদের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর। ৪

৩. জনাব হায়দার ২০১৯ সালের ১জুলাই তারিখে নগদ ১,০০,০০০ টাকা, ৫০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র ও বন্ধু সাহেদের নিকট থেকে ৪০,০০০ টাকা ধার নিয়ে একটি সেবামূলক ব্যবসা আরম্ভ করলেন। জুলাই মাসে তাঁর ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| জুলাই | ৫ | ব্র্যাক ব্যাংকে ৪০,০০০ টাকা জমা দিয়ে ১টি সঞ্চয়ী হিসাব খোলা হল |
| ,, | ৮ | আসবাবপত্র কেনা হল ৩০,০০০ টাকা |
| ,, | ১২ | সেবাসামগ্রী ক্রয় করে নগদ ২০,০০০ টাকা ও চেক মারফত ১০,০০০ টাকা পরিশোধ করা হল |
| ,, | ১৫ | গ্রাহকদের সেবাদানের বিনিময়ে নগদ ৪০,০০০ টাকা ও ৩৫,০০০ টাকার ১টি ক্রস্ড চেক পাওয়া গেল |
| ,, | ২০ | অকেজো সরঞ্জামাদি বিক্রয় করে ৮,০০০ টাকা পাওয়া গেল (যার ক্রয়মূল্য ১০,০০০ টাকা) |
| ,, | ২৫ | সাহেদের নিকট থেকে গৃহীত ঋণবাবদ নগদ ২০,০০০ টাকা ও চেকে ১০,০০০ টাকা শোধ করা হল |
| ,, | ৩১ | মালিক ব্যক্তিগত ব্যবহারের জন্য ৩,০০০ টাকার সামগ্রী ও নগদ ৭,০০০ টাকা কারবার থেকে উত্তোলন করলেন |

করণীয়ঃ ক. ব্যবসায়ের শুরুতে জনাব হায়দারের মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৫ থেকে ৩১ জুলাইয়ের লেনদেনগুলোর ডেবিট - ক্রেডিট নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে ১টি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৪. ২০২০ সালের অক্টোবর মাসে মুন ট্রেডার্সে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| অক্টোবর | ১ | প্রারম্ভিক হাতে নগদ ও ব্যাংক জমার উদ্বৃত্ত যথাক্রমে ১,২০,০০০ টাকা ও ৮০,০০০ টাকা |
| ,, | ৫ | ফয়জুলের নিকট থেকে ১০% বাট্টায় ১৫,০০০ টাকার পণ্য নগদে ক্রয় |
| ,, | ১০ | নগদে মাল বিক্রয় ২০,০০০ টাকা |
| ,, | ১৫ | ব্যাংকে জমা দেওয়া হলো ৪০,০০০ টাকা |
| ,, | ২০ | বাকীতে পণ্য ক্রয় করা হলো ১৮,০০০ টাকা |
| ,, | ২৩ | ব্যবসায়ে মালিক অতিরিক্ত মূলধন বাবদ ২০,০০০ টাকা আনয়ন করেন |
| ,, | ২৫ | চেক মারফত মির্জা স্টোর্স হতে ৩০,০০০ টাকা পাওনার নিস্পত্তিতে ২৮,০০০ টাকা পাওয়া গেল |
| ,, | ২৭ | আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ৩,০০০ টাকা |
| ,, | ২৮ | মুনিরের দেনা ২০,০০০ টাকা চেকে পরিশোধ করে ১,০০০ টাকা বাট্টা পাওয়া গেল |
| ,, | ৩০ | বেতন বাবদ নগদ ২০,০০০ টাকা ও ভাড়া বাবদ ১৫,০০০ টাকা চেক প্রদান করা হলো |
| ,, | ৩১ | ব্যাংক উদ্বৃত্তের অর্ধেক নগদে উত্তোলন করা হলো |

করণীয় ঃ ক. যে লেনদেনগুলো নগদান বইতে অন্তর্ভূক্ত হবে না তাদের জাবেদা দাখিলা দেখাও । ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলোর আলোকে তিনঘরা নগদান বহি তৈরী কর । ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর । ৪

৫. নিম্নের লেনদেনগুলো মেসার্স কল্লোল ট্রেডার্সের হিসাব বহি থেকে নেয়া হলোঃ

২০১৯

| | | |
|---|---|---|
| মার্চ | ১০ | পাবনার নূপুর ট্রেডার্সকে ফরমায়েশ মাফিক না হওয়ায় প্রতি মিটার ৬০ টাকা দওে ৩০০ মিটার পপলিন কাপ ফেরত দেওয়া হলো । কারবারি বাট্টা ১০% । ডেবিট নোট নং ১৩ । |
| ,, | ১৮ | নমুনামাফিক না হওয়ায় নারায়নগঞ্জের শিমুল ট্রেডার্সকে প্রতিটি ৮০ টাকা দওে ২৫০ টি গেঞ্জি ফেরত প্রদান করা হলো । |
| ,, | ২৫ | বিক্রমপুরের বনি ট্রেডার্সকে ত্রুটিপূর্ণ হওয়ার কারণে প্রতিগজ ২৫০ টাকা দরে ১৫০ গজ সার্টিং কাপড় ফেরত দেয়া হলো |
| ,, | ২৯ | কুমিল্লার জাহান ব্রাদার্সের নিকট প্রতিটি ৩৫০ টাকা দরে ১৮০ টি খাদি শাড়ি নিম্নমানের জন্য ফেরত দেয়া হলো |

করণীয় ঃ ক. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে মেসার্স কল্লোল ট্রেডার্সের ক্রয় ফেরত জাবেদা তৈরী কর । ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো মেসার্স কল্লোল ট্রেডার্সের সাধারণ খতিয়ানে স্থানান্তর কর । ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে মেসার্স কল্লোল ট্রেডার্সের সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত কর । ৪

**৬. ২০১৮ সালের জুন মাসে পান্না এন্টারপ্রাইজের লেনদেনগুলো নিম্নরূপঃ**

| | | |
|---|---|---|
| জুন | ১ | নগদ উদ্বৃত্ত ও ব্যাংক জমা যথাক্রমে ৩৫,০০০ টাকা ও ৩০,০০০ টাকা |
| ,, | ৫ | বকুল ট্রেডার্সের নিকট বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ১৬,০০০ টাকা |
| ,, | ৮ | ব্যাংকে জমা দেওয়া হলো ১৫,০০০ টাকা |
| ,, | ১২ | সোনালী ট্রেডার্সের নিকট থেকে পণ্য ক্রয় , নগদে ২০,০০০ টাকা ও বাকীতে ১৬,০০০ টাকা |
| ,, | ১৫ | কাজল ব্রাদার্সের নিকট ৫% বাট্টায় বিক্রয় ১৯,০০০ টাকা |
| ,, | ২০ | রিতা স্টোরস নিকট হতে ১৫,০০০ টাকা পাওনার বিপরীতে ১৪,৫০০ টাকার ১টি চেক পেয়ে ব্যাংকে জমা দেওয়া হলো |
| ,, | ২২ | স্বীকৃত নোটের বিনিময়ে অনন্ত এন্ড সন্স নিকট থেকে পণ্য ক্রয় ১২,০০০ টাকা |
| ,, | ২৫ | ব্যাংক থেকে কারবারের জন্য ১০,০০০ টাকা ও ব্যক্তিগত প্রয়োজনে ৬,০০০ টাকা উত্তোলন |
| ,, | ২৮ | সোনালী ট্রেডার্সকে ৫% বাট্টায় পরিশোধ করা হলো |
| ,, | ৩০ | ব্যাংক সুদ মঞ্জুর করিল ২,৫০০ টাকা ও চার্জ বাবদ কর্তন করল ৮০০ টাকা |

**করণীয়ঃ** ক. ব্যাংকের সাথে সংগঠিত অনগদ লেনদেনের মোট পরিমাণ নিরূপন কর । ২
খ. পণ্য ক্রয় ও সোনালী ট্রেডার্স হিসাব তৈরী কর । ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহার্যে ১টি দু-ঘরা নগদান বই প্রস্তুত কর । ৪

**৭. নিম্নলিখিত লেনদেনগুলো মেসার্স সাগর এন্ড সন্স এর হিসাব বহি থেকে সংগৃহীত ঃ**

২০২১

| | | |
|---|---|---|
| জানু | ০৩ | বরিশালের রমেশ এন্ড ব্রাদার্সের নিকট ভ্যাটসহ বিক্রয়: প্রতিটি ৬০০ টাকা দরে ৪০ টি ছাপা শাড়ি; প্রতি জোড়া ৭০০ টাকা দরে ৫০ টি লুঙ্গি; প্রতিটি ২৫০ টাকা দরে ৩৬ টি তোয়ালে; কারবারি বাট্টা ১০%; চালান নম্বর ২০ |
| ,, | ১৮ | মৌলভীবাজারের বড়লেখা ট্রেডার্সের নিকট ভ্যাটসহ বিক্রয় ; প্রতিটি ৫০০ টাকা দরে ৫০টি তাঁতের শাড়ি; প্রতিটি ৪৫০ টাকা দরে ৫০টি বেডসীড; প্রতিটি ১২০ টাকা দরে ৩৬ টি গামছা; কারবারি বাট্টা ১৫%; চালান নম্বর ২৮ |
| ,, | ২৫ | ভ্যাটসহ চকবাজার, ঢাকার আদিনা ট্রেডার্সের নিকট বিক্রয়; প্রতিটি ১,৮০০ টাকা দরে ৫০টি জামদানি শাড়ি; প্রতিটি ৩৫০ টাকা দরে ৮০টি সুতি কাপড়; প্রতিটি ৪২০ টাকা দরে ৩৬ টি মশারি; কারবারি বাট্টা ৫%; চালান নম্বর ৩০ |
| ,, | ৩০ | ঢাকার নিউমার্কেটের সায়হাম এন্ড ফেব্রিক্স লিঃ এর নিকট নগদে বিক্রয়: প্রতি গজ ৬০ টাকা দরে ১০০ গজ পপলিন কাপড়; প্রতি পিছ ৬৫০ টাকা দরে ২০০ টি প্যান্ট পিছ ; প্রতিটি ৫৫০ টাকা দরে ১৫০ টি পাঞ্জাবি; কারবারি বাট্টা ১০% |

করণীয় ঃ ক. ৩০ জানুয়ারির লেনদেনের জন্য ১টি ক্যাশ মেমোর নমুনা তৈরী কর । ২
খ. বিক্রয় জাবেদা ও সাধারণ খতিয়ান প্রস্তুত কর । ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো সহকারী খতিয়ানে স্থানান্তর দেখাও । ৪

৮. ২০১৯ সালের ৩০ জুন তারিখে জাকিরের ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ ঃ

১. প্রদেয় মজুরি ১৫,০০০ টাকা ;
২. ৮,০০০ টাকা উত্তোলনের উপর ১০% সুদ ধরতে হবে
৩. ১ জুন, ২০১৯ তারিখে ৬ মাসের দোকান ভাড়া বাবদ অগ্রিম প্রদান ৩০,০০০ টাকা
৪. অফিস কর্মচারীদের বেতন অগ্রিম পরিশোধ করা হয়েছে ৩৫,০০০ টাকা
৫. শিক্ষানবিশ ভাতা অপ্রদত্ত রয়েছে ২০,০০০ টাকা
৬. ১২% বিনিয়োগ ৬০,০০০ টাকার উপর পূর্ণ বছরের সুদ বকেয়া রয়েছে

করণীয় ঃ ক. ক্রমিক ২ ও ৩ এর লেনদেনের জন্য সমন্বয় দাখিলা দাও । ২
খ. ক্রমিক ১ - ৪ এর লেনদেনের জন্য সমাপনী দাখিলা দাও । ৪
গ. ক্রমিক ১, ৪, ৫, ৬ এর লেনদেনের জন্য বিপরীত দাখিলা দাও । ৪

৯. মেসার্স নদী ট্রেডার্স তার খুচরা নগদান বহি অগ্রদত্ত পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০১৮ সালের নভেম্বর মাসে তার ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ ঃ

| | | | |
|---|---|---|---|
| নভেম্বর | ১ | খুচরা নগদ উদ্বৃত্ত | ৫০০ টাকা |
| | | প্রধান ক্যাশিয়ার থেকে প্রাপ্তি | ১,৫০০ টাকা |
| ,, | ৩ | প্রচারের জন্য বিনামূল্যে পণ্য বিতরণ | ১,৮০০ টাকা |
| ,, | ৫ | কাগজ ক্রয় | ১২০ টাকা |
| ,, | ৮ | রিকসা ভাড়া প্রদান | ৮০ টাকা |
| ,, | ১০ | বাকীতে অফিস সরঞ্জাম ক্রয় | ৪,০০০ টাকা |
| ,, | ১২ | ইন্টারনেট ব্যয় | ২৫০ টাকা |
| ,, | ১৪ | বহন খরচ পরিশোধ | ১০০ টাকা |
| ,, | ১৫ | পুরাতন খবরের কাগজ বিক্রয় | ২০০ টাকা |
| ,, | ১৮ | ডাক খরচ | ৬০ টাকা |
| ,, | ২০ | মনিহারি খরচ প্রদান | ৮০ টাকা |
| ,, | ২৫ | পুরাতন আসবাবপত্র বিক্রয় | ৮০০ টাকা |
| ,, | ৩০ | অফিস সহায়ককে বখশিস প্রদান | ১৫০ টাকা |

করণীয় ঃ ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলো উল্লেখপূর্বক মোট পরিমান নির্ণয় কর। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান বই তৈরী কর। ৪

গ. অগ্রদত্ত খরচসমূহের জন্য সংশ্লিষ্ট খতিয়ান হিসাবসমূহ প্রস্তুত কর। ৪

১০. মিল্লাত এন্টারপ্রাইজের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ ঃ

নগদ তহবিল (০১-০১-২০১৯) ৫০,০০০ টাকা; মজুদ পণ্য (০১-০১-২০১৯) ৮০,০০০ টাকা; সুনাম ১,০০,০০০ টাকা; বেতন ৭০,০০০ টাকা; ট্রেডমার্ক ৬০,০০০ টাকা; শুল্ক ৬,০০০ টাকা; ক্রয় ১,২০,০০০ টাকা; বিক্রয় ১,৬০,০০০ টাকা; মজুদ পণ্য (৩১-১২- ২০১৯) ৭৬,০০০ টাকা; ব্যাংক ব্যালেন্স (০১-০১-২০১৯) ৩৬,০০০ টাকা; বহিঃ ফেরত ১০,০০০ টাকা; কমিশন ৮,০০০ টাকা; বাট্টা প্রাপ্তি ৫,০০০ টাকা; শিক্ষানবিশ ভাতা ১৪,০০০ টাকা; আন্তঃ পরিবহন ৬,০০০ টাকা; বকেয়া খরচ ৩০,০০০ টাকা; অগ্রিম বিমা প্রিমিয়াম ৮,০০০ টাকা; সমাপনী ব্যাংক ব্যালেন্স ৫০ ,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৬০,০০০ টাকা; প্রদেয় হিসাব ৪৪,৫০০ টাকা; মূলধন ১,৪৪,০০০ টাকা

**করণীয় ঃ** ক. যে সকল উদ্বৃত্ত রেওয়ামিলে অন্তর্ভূক্ত হবে না সেগুলো উল্লেখ করে মোট পরিমাণ নিরূপণ কর। ২

খ. উপর্যুক্ত তথ্যাবলী থেকে মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রতিষ্ঠানটির বৎসারান্তের উদ্বৃত্তগুলো নিয়ে রেওয়ামিল তৈরী কর। ৪

১১. ফ্রেন্ডস এন্টারপ্রাইজ এর ২০২০ সালে ৩১ শে ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্র.নং | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৮০,০০০ | |
| ২ | ক্রয় | | ২,০৮,০০০ | |
| ৩ | বেতন | | ২৪,০০০ | |
| ৪ | প্রদেয় হিসাব | | | ৮০,০০০ |
| ৫ | প্রাপ্য হিসাব | | ৩২,০০০ | |
| ৬ | ব্যাংক জমার উদ্বৃত্ত | | ৯০,০০০ | |
| ৭ | আন্তঃ ফেরত | | ৬,০০০ | |
| ৮ | বহির্মুখি বহন খরচ | | ১০,০০০ | |
| ৯ | প্রদেয় নোট | | | ৪০,০০০ |
| ১০ | ৮% ঋণ(৩১- ৩- ২০২০) | | | ৫০,০০০ |
| ১১ | দালানকোঠা | | ৯০,০০০ | |
| ১২ | বরাদ্দকৃত বাট্টা | | ৮,০০০ | |
| ১৩ | মালিক প্রদত্ত মূলধন | | | ১.২০,০০০ |
| ১৪ | বিক্রয় | | | ২,৮০,০০০ |
| ১৫ | হাতে নগদ | | ২২,০০০ | |
| | | | ৫,৭০,০০০ | ৫,৭০,০০০ |

রেওয়ামিল তৈরির পর নিম্নোক্ত ভুলগুলো ধরা পড়ে ঃ

১. মালিক প্রদত্ত মূলধন ২০,০০০ টাকা বিক্রয়ের মধ্যে লেখা হয়েছে। ২.গৃহিত ঋণের ১০,০০০ টাকা প্রদেয় নোটের মধ্যে যুক্ত আছে। ৩. আন্তঃ ফেরত ৪,০০০ টাকা হিসাবভুক্ত করা হয় নি। ৪. গৃহিত ঋণের সুদ হিসাবভুক্ত করা হয়নি। ৫.কর্মচারীদের বেতন ৬,০০০ টাকা হিসাবে ধরা হয় নাই।

করণীয় ঃ ক. ক্রমিক ১ ও ২ এর ভুলগুলোর সংশোধনী জাবেদা লিখ।

খ. উপর্যুক্ত ভুলগুলো বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট খতিয়ানগুলো সংশোধন কর।

গ. ফ্রেন্ডস এন্টারপ্রাইজ এর রেওয়ামিলটি সংশোধন কর।